

প্রেস রিলিজ
০৩ জুলাই ২০২৫

বাউবির এইচএসসি পরীক্ষা শুরু আগামীকাল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৫ আগামীকাল ০৪ জুলাই ২০২৫ শুক্রবার থেকে দেশব্যাপী একযোগে শুরু হতে যাচ্ছে। সারাদেশে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজে ২৪৪টি পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। প্রথম ও দ্বিতীয় বর্ষে মোট ৩৮ হাজার ৪ শত ১৪ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষার্থীদের মধ্যে ২২ হাজার ৪ শত ৫০ জন পুরুষ এবং ১৫ হাজার ৯ শত ৬৪ জন নারী। এ পরীক্ষা বাউবি নির্ধারিত রুটিন অনুযায়ী শুক্রবার ও শনিবার দিনগুলোতে সকাল ও বিকালে অনুষ্ঠিত হবে। পরীক্ষা ০৮ আগস্ট ২০২৫ তারিখ শুক্রবারে শেষ হবে।

প্রতিবছরের মতো এবারও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়াও বাউবি থেকে ভিজিট্যান্স টিম বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করবেন। বিস্তারিত বাউবির ওয়েবসাইট www.bou.ac.bd থেকে জানা যাবে।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮